http://rangpur.judiciary.org.bd/

Chief Judical Magistrate Court ★ District, Rangpur ★

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
রংপুর।

আদেশ নং-০৯/২০১৯ তারিখ ঃ ১৫ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ।
২৭ ফেব্রুয়ারী, ২০১৯ খ্রিস্টাব্দ।

বিষয় ঃ নিজস্ব অর্থব্যয়ে বহিঃ বাংলাদেশ ভারতে গমনের/ভ্রমনের নিমিত্ত অর্জিত ছুটি মঞ্জুর প্রসঙ্গে।

রংপুর জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ২য় আদালতে কর্মরত বেঞ্চ সহকারী জনাব মোঃ রুহুল আমিন ভারতে অবস্থিত ধর্মীয় ও ঐতিহাসিক স্থান সমূহ পরিদর্শনের নিমিত্ত আগামী ০৭/০৩/২০১৯ইং তারিখ হইতে ০৬/০৪/২০১৯ইং তারিখ পর্যন্ত অথবা যাত্রার তারিখ হইতে ০১(এক) মসের জন্য ভারত গমনের লক্ষ্যে অর্জিত ছুটি মঞ্জুরের আবেদন দাখিল করেন। তাহার আবেদনের প্রেক্ষিতে অর্জিত ছুটি প্রাপ্যতা বিষয়ে অত্রাদালতের প্রশাসনিক কর্মকর্তা ও হিসাব রক্ষক কর্তৃক প্রদত্ত প্রতিবেদন দেখিলাম ও পর্যালোচনা করিলাম। হিসাব রক্ষকের প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, আবেদনকারী কর্মচারীর সর্বমোট ২৯৯ দিন পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি পাওনা রহিয়াছে।

এমতাবস্থায় আবেদনকারী কর্মচারীর প্রার্থীত মতে নিজস্ব অর্থে ভারত গমণের অনুমতিসহ ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালা ৩(১)(i) ও (ii) মোতাবেক আগামী ০৭/০৩/২০১৯খ্রিঃ হইতে ০৬/০৪/২০১৯খ্রিঃ তারিখ পর্যন্ত পূর্ণগড় বেতনে ৩০(ত্রিশ) দিন অথবা যাত্রার তারিখ হইতে ৩০(ত্রিশ) দিনের অর্জিত ছুটি মঞ্জুর করা হইল।

ইহা সংশ্লিষ্ট কর্মচারীর চাকুরীর খতিয়ান বহিতে নোট প্রদান করা হউক।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করানো হউক।

স্বাক্ষরিত/-
(মোঃ হায়দার আলী)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
রংপুর।

স্মারক নং-সিজেএমসি/রং/৫৭/২০১৯ তারিখ ঃ ১৫ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ।
২৭ ফেব্রুয়ারী, ২০১৯ খ্রিস্টাব্দ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল ঃ

১। সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ২য় আদালত, রংপুর।
২। ভারপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট, হিসাব বিভাগ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, রংপুর।
৩। বিচারক (যুগ্ম জেলা জজ), ল্যান্ডে সার্ভে ট্রাইব্যুনাল ও চেয়ারম্যান, জেলা আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর (অত্র আদেশ জেলা আদালত বাতায়নে প্রকাশের অনুরোধসহ)।
৪। ইমিগ্রেশন অফিসার, বুড়িমারী স্থল বন্দর, লালমনিরহাট।
৫। জনাব মোঃ রুহুল আমিন, বেঞ্চ সহকারী, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, রংপুর।
৬। আদেশ ফাইল/অফিস কপি।

(মোঃ হায়দার আলী)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
রংপুর।

মোঃ হায়দার আলী
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
রংপুর।